



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## বিএনসিসি ক্যাডেটদের পদোন্নতি, পুরস্কার বিতরণ, দায়িত্ব হস্তান্তর ও বিদায় অনুষ্ঠান



৮ জানুয়ারি ২০২৩-রবিবার বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর আয়োজনে মুজিব মঞ্চে ক্যাডেটদের পদোন্নতি, পুরস্কার বিতরণ, দায়িত্ব হস্তান্তর ও বিদায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিএনসিসি ক্যাডেট ও প্রশিক্ষকদের ক্রেস্ট প্রদান করেন।

উক্ত অনুষ্ঠানে ক্যাডেট কর্পোরাল থেকে ক্যাডেট সার্জেন্ট পদে ৬ জন ও ক্যাডেট থেকে ল্যান্স কর্পোরাল পদে ২৯ জন ক্যাডেট পদোন্নতি পায়। এরপর আন্তঃপ্লাটুন ড্রিল, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী পর্ব শেষে ক্যাডেট সার্জেন্ট মোঃ রিয়াল মল্লিকের নিকট হতে ক্যাডেট ইনচার্জের দায়িত্ব গ্রহণ করেন ক্যাডেট সার্জেন্ট মোঃ স্বপন মিয়া। এছাড়াও ১৯তম ব্যাচের ক্যাডেটদের ক্রেস্ট প্রদানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধায়নে ছিলেন ১ বিএনসিসির ব্রাভো কোম্পানির কমান্ডার ও জবি বিএনসিসির অফিসার ইনচার্জ পিইউও আতিয়ার রহমান, সকল পিইউও এবং প্রক্টর।